


L : IX NO III

ISSN : 0975-5632

VICTORIAN JOURNAL OF ARTS

INTERNATIONAL SEMINAR SPECIAL ISSUE



VICTORIAN JOURNAL OF ARTS

(International Seminar Special Peer-Reviewed Issue)

ISSN ; 0975 - 5632

Vol. IX, No. III

November 2016

EDITOR-IN-CHIEF

Subrata Roy Chowdhury , Associate Professor,
Post - Graduate Department of Bengali, ABN Seal College, Cooch Behar

ASSOCIATE EDITORS

Santanu Mondal , Assistant Professor of Bengali, ABN Seal College, Cooch Behar
Ratul Ghosh, Assistant Professor of Bengali, ABN Seal College, Cooch Behar
Debapratim Chakraborty, Assistant Professor of English, ABN Seal College, Cooch Behar

PEER-REVIEWED TEAM

Prof. Ratanlal Chakraborty , Former Professor , Department of History, University of Dhaka
Prof. Tapan Jyoti Banerjee , Former Professor , Department of English, Vidyasagar University
Prof. Ananda Gopal Ghosh, Former Professor , Department of History, University of North Bengal
Prof. Ranjan Basu , Department of Geography, University of Calcutta
Prof. Tapas Basu, Department of Bengali, University of Kalyani
Prof. Arunabha Ghosh, Department of Political Science, Rabindra Bharati University
Prof. Rajat Kishore Dey , Department of Bengali, University of Gour Banga
Prof. Sukumar Roy , Department of Philosophy, University of Gour Banga
Prof. Parthasarathi Bhowmik, Department of Comparative Literature, Jadavpur University

PRINTING ASSOCIATES

Krishna Nandi, Assistant Professor of Bengali, ABN Seal College, Cooch Behar
Sushovan Chatterjee , Assistant Professor of Sanskrit, ABN Seal College, Cooch Behar
Bishnupriya Saha, Assistant Professor of Philosophy, ABN Seal College, Cooch Behar
Alokmooy Basu, Assistant Professor of Botany, ABN Seal College, Cooch Behar

Cover : Kajal Ganguli

Price : Rs. 400 /-

সম্পাদকীয়

স্বল্প দিনের মধ্যে আয়োজিত একটি আন্তর্জাতিক আলোচনা চক্র (৭-৮ এপ্রিল, ২০১৬), যার বিষয়ের নামই ছিল “মানবিকী বিদ্যা ও সমাজতত্ত্বে জ্ঞান চর্চার সাম্প্রতিক প্রবণতা।” দুদিন-ব্যাপী সে আলোচনা সভায় অংশগ্রহণকারী বক্তারা সময়ের সীমিত পরিসরে যে নতুন আলোক-নতুন প্রাণ সঞ্চারিত করেন, তাতে অভিভূত আমরা তখনই সিদ্ধান্ত গ্রহণ করি বিস্তৃত পরিসর দিতে হবে, যাঁরা নানান অসুবিধায় এসে উঠতে পারেননি অথচ সগৌরবে মহাবিদ্যালয়গুলোতে নিরলসভাবে অধ্যাপনা করে চলেছেন, শুনতে হবে তাঁদেরও কথা। ভিক্টোরিয়ান জার্নাল অব আর্টসের সেমিনার সংখ্যা সেই ভাবনারই প্রতিফলন।

যাঁরা লিখেছেন, যাঁরা পর্যালোচনা করে পরিবর্তন - পরিবর্তন ও পরিমার্জনের মধ্য দিয়ে গবেষণা নিবন্ধগুলিকে সঠিক পথে পরিচালিত করেছেন, সেই সোনালি মনের মানুষজন কৃতজ্ঞতা স্বীকারের অপেক্ষা রাখেন না। তবু একথা লিখিত আকারে থাকা জরুরী যে, মহা পন্ডিতের নামাজিকিত, তারই চরণধূলি-ধন্য এই মহাবিদ্যালয় ঋণী থেকে গেল।

কোচবিহার

সুব্রত রায়চৌধুরী

নভেম্বর, ২০১৬

CONTENT

	Page No.
Married to Symbols, Seeking a Divorce Debabrata Lahiri	1
Gorkha Land Agitation: A Movement of Both Regionalism and Identity Anil Kumar Sarkar & Ajay Kr. Dutta	6
From Kshatriya Movement to Kamtapuri Movement: In Search of Koch- Rajbanshi Identity Ramkrishna Biswas	15
Indo-SAARC Trade-Problems and Prospects Dilip Kumar Das	20
A Preliminary Study on the Relationship Between Ethno-Botany and Andayurveda in India Rajendra Prasad De	26
Recent Trends in Environmental Historiography in India Arka Acharjee	30
Concept of "Self Concept" in women: ICT and Women- a brief assessment of the connection: Shampa Dutta	36
'Woman Must Have Money and A Room of Her Own if She is to' Step to Politics Sudipta Pal	39
Problems and Prospects of the Transgender Community in Indian Society Subrata Chatterjee	64
The Alteranative Gaze : Changing Perspectives on the Male Body in Indian Visual Culture Mamata Sengupta	71
Properties and Prospects of Tulaipanji : The Indigenous Variety of Rice Produced in Uttar Dinajpur. Samir Kumar Samanta & Suchitra Ray	76
Water Conservation Through Micro Watershed Planning : A Study in Puruliya District of West Bengal Anirban Roy	86
Trends of Urban Spread & Its Challenges : A Study on English Bazar Municipality Partha Das	100
The Tangled Worlds of Modernism & Postmodernism the Fiction of C.P. Snow. Partha Pratim Dasgupta	112
The Visible Tales : A Contextual Look at the English Graphic	

	পৃষ্ঠা নং
উত্তরবঙ্গের কৃষির অতীত ও বর্তমান - অর্থনীতি শাস্ত্রের নিরিখে	১২৯
বিমল কুমার সাহা সীতা থেকে শর্মিলা : নির্মাণ আর নির্বিকল্প আয়োজন	১৪০
দীপঙ্কর ভট্টাচার্য নারীর সাক্ষরতা : প্রতিরোধ, প্রতীক্ষা আর প্রতিশ্রুতির আলো	১৪৩
কৃষ্ণা নন্দী মেয়েলি প্রতিবাদের পুরুষ - ভাষ্য : নব্য বাঙালি চেতনা ও আখ্যান - বাস্তব সম্পর্কের একদিক	১৪৭
দিব্যতনু দাশগুপ্ত সুব্রত মুখোপাধ্যায় 'রসিক' : লোকায়ত জীবন ও প্রান্তিক নারী	১৫৫
দিলীপ মহাশী নারীবাদের আলোয় সতীনাথের গল্প - উপন্যাস	১৬৬
দেবাশিস মল্লিক নদীয়া জেলার তপসিলি সম্প্রদায়ের মহিলাদের রাজনৈতিক অংশগ্রহণ:	
চাপড়া ও কৃষ্ণগঞ্জ ব্লকের একটি ঘটনা অনুধ্যান	১৭৩
মনোজ কুমার হালদার পশ্চিমবঙ্গ সরকারের কন্যাশ্রী প্রকল্পঃ একটি সমীক্ষা	১৭৯
অনিমেষ মন্ডল ভেঙে - ফেলা মঞ্চ, মুছে-যাওয়া রঙ : অনূদিত নাটক, মঞ্চগয়নের তাগিদ	১৮৪
শান্তনু মন্ডল 'রাত্রির মাছির মতো শান্ত হ'য়ে রয়েছে বেদনা —'	১৯৮
অর্পণ রায় প্রামাণিক অবচীন সংস্কৃত সাহিত্যে ছোটগল্প	২০৪
সুশোভন চ্যাটার্জী জাদুবাস্তবতার উপন্যাস ও অবধূতের দুর্গমপন্থা	২০৯
জয়ন্ত মিত্রী 'হ্যামলিনের বাঁশিঅলা' ও কিছু দেশজ হুঁদুর	২২৪
সুব্রত রায় চৌধুরী উত্তর আধুনিকতা ও বিনয় মজুমদার	২৩৭
আশিস অধিকারী ব্রজাঙ্গনা কাব্যে পৌরাণিক ভাবনা	২৪৭
সুদীপ্ত প্রামাণিক বিনয় মজুমদার : কবিতা প্রক্রিয়া	২৫৩
রাতুল ঘোষ পশ্চিমবঙ্গের স্বাধীনোত্তর সংস্কৃত কবি-সম্প্রদায়	২৫৭
অভিজিৎ রায় ধর্মের মূলতত্ত্ব ও বর্তমানে তার প্রাসঙ্গিকতা	২৬৩
দূর্বাদল মন্ডল পাণ্ডবজনমের কাব্যিক ও দার্শনিক দিক :	২৬৭
কল্যাণ পণ্ডা বিভ্রানসম্মত ভাষা সংস্কৃত :	

নদীয়া জেলার তপসিলি সম্প্রদায়ের মহিলাদের রাজনৈতিক অংশগ্রহণ: চাপড়া ও কৃষ্ণগঞ্জ রকের একটি ঘটনা অনুধ্যান

মনোজ কুমার হালদার

সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়, কলকাতা

গণতন্ত্র শব্দটির ইংরাজী প্রতিশব্দ democracy এই democracy শব্দটির উৎপত্তি দুটি গ্রীক শব্দ dimos এবং kratos শব্দদুটি থেকে, dimos শব্দের অর্থ জনগণ এবং kratos শব্দের অর্থ শাসন বা কর্তৃত্ব। অর্থাৎ গণতন্ত্র শব্দটির আক্ষরিক অর্থ জনগণের শাসন বা কর্তৃত্ব। এই ধারণাটি জনপ্রিয় হয়েছে আব্রাহাম লিঙ্কনের পরিভাষায় - গণতান্ত্রিক শাসন ব্যবস্থা হল জনগণের মঙ্গলার্থে জনগণ কর্তৃক পরিচালিত জনগণের শাসন। (Government of the people, by the people and for the people)। বর্তমান পৃথিবীর প্রায় সকল তিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসনব্যবস্থায় তত্ত্বগতভাবে সরকার নির্বাচিত হয় জনগণের দ্বারা, জনগণের সকল অংশের প্রতিনিধিত্বের মাধ্যমে। বিতর্ক এখানেই, প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রে সত্যিই কি সমাজের প্রতিটি অংশের মানুষের দ্বারা সরকার নির্বাচিত হয়? বা সরকার নির্বাচনে প্রত্যেকের সুযোগ থাকে? গণতান্ত্রিক সরকার সত্যিই সমাজের প্রতিটি অংশের মানুষের জন্য কাজ করে? এই প্রেক্ষিতে ভারতীয় সমাজে নারীদের রাজনীতিতে অংশগ্রহণের প্রশ্নটি উল্লেখের দাবী রাখে। 'নারী' এক ব্যাপক বর্ণনাম হিসাবে দেখলে অবশ্যই ভারতীয় সমাজে নারী এখনো রাজনীতিতে সেভাবে অংশগ্রহণ করতে পারেনি, পুরুষদের তুলনায় নারী অনেক দূরে। আবার নারী বর্গ পরিচয়ের ক্ষুদ্র ক্ষুদ্র পরিসরে যেমন - জাত, ধর্ম, বর্ণ, শ্রেণী, পেশা, গ্রাম - শহর ইত্যাদি নারীর রাজনৈতিক অংশগ্রহণের হার সাধারণ নারী বর্গের তুলনায় ভিন্ন ভিন্ন হয়। বিশেষ করে ভারতীয় সমাজে তপসিলি জাতি, তপসিলি উপজাতি, ধর্মীয় সংখ্যালঘু, গ্রামীণ, অসংগঠিত ক্ষেত্রের নারী শ্রমিকদের রাজনৈতিক অংশগ্রহণের হার খুবই কম। সত্যিকারের গণতন্ত্র এই বিশাল বর্গের রাজনৈতিক অংশগ্রহণ ভীষণ দীর্ঘ ও গুরুত্বপূর্ণ।

একথা সর্বজন বিদিত যে, নারীরা সমাজের সকল ক্ষেত্রে যেমন - অর্থনীতি, সমাজনীতি, সংস্কৃতিতে অংশগ্রহণ করে, তেমনি রাজনীতির অঙ্গনে তারা এখনো সমানভাবে পশ্চাদপদ। এই ঐতিহ্য নারী সেই প্রাচীন কাল থেকেই বহন করে চলেছে, কিছু ব্যতিক্রম বাদ দিলে একথা আজও সমানভাবে প্রযোজ্য। যদিও ভারতের রাজনীতিতে নারী অর্জন ও সংবিধান প্রবর্তনের মাধ্যমে নারীদের জন্য কিছু সাংবিধানিক ও আইনগত অধিকার, সুবিধা স্বীকৃত হয়েছে। আইনের চোখে নারী-পুরুষ সমান সুযোগ গ্রহণের অধিকারী। কি সামাজিক, কি রাজনৈতিক, কি অর্থনৈতিক বা ধর্মীয় ক্ষেত্রেও বটে। কিন্তু বাস্তব অন্য কথা বলে - সংবিধানে বা আইন করে সমান সুযোগ সুবিধা, অধিকার ঘোষণা করলেই হয় না, তা গ্রহণের সক্ষমতা সবার আগে প্রয়োজন। অধিকার অর্জনের আগেই নারী তার জন্য ধার্য অধিকার বা স্বাধীনতা ভোগে সে আজো অপারগ, অক্ষম। অন্যন্য ক্ষেত্রের মতো নারী রাজনীতির ক্ষেত্রেও পুরুষদের তুলনায় পিছিয়ে। এই নারী বর্গের মধ্যে তপসিলি জাতি উপজাতি সম্প্রদায়ের নারীরা আবহেলিত পিছিয়ে পড়া নারীদের মধ্যেই সবচেয়ে পড়া বর্গ। এখানে স্বাভাবিকভাবেই প্রশ্ন আসে এই পিছিয়ে পড়া তপসিলি সম্প্রদায়ের নারীদের মধ্যে কত সচেতনতা কেমন? তাদের মধ্যে রাজনৈতিক অংশগ্রহণের হার কত? এটা জানা চর্চা করেন।